# বন্যাদুর্গত মানুষের পাশে দাঁড়াতে মানবিক তহবিল গঠনের উদ্যোগ গকসুর




ছবি: সংগৃহীত

দেশের বিভিন্ন অঞ্চলে চলমান বন্যা ও পাহাড়ধসে ক্ষতিগ্রস্ত মানুষের সহায়তায় মানবিক তহবিল গঠনের উদ্যোগ নিয়েছে গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু)।


রোববার (১২ জুলাই) গকসুর সহ-সভাপতি ইয়াসিন আল মৃদুল দেওয়ান এবং সাধারণ সম্পাদক মো. রায়হান খান স্বাক্ষরিত এক বিবৃতিতে এ উদ্যোগের কথা জানানো হয়।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন ক্লাব এবং শুভানুধ্যায়ীদের স্বেচ্ছা অনুদানের মাধ্যমে একটি মানবিক তহবিল গঠন করা হবে। এ তহবিল থেকে বন্যাদুর্গত মানুষের জন্য খাদ্যসামগ্রী ও জরুরি সহায়তা পৌঁছে দেওয়ার পরিকল্পনা রয়েছে।

বিবৃতিতে বলা হয়, দেশের বর্তমান বৈরী আবহাওয়ার কারণে বিভিন্ন অঞ্চলে বন্যা ও পাহাড়ধসের মতো দুর্যোগ সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে কয়েকটি জেলা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক পরিবার খাদ্য, বিশুদ্ধ পানি, আশ্রয় ও প্রয়োজনীয় চিকিৎসাসেবার অভাবে মানবেতর জীবনযাপন করছে। এমন পরিস্থিতিতে দেশের বিভিন্ন সামাজিক, স্বেচ্ছাসেবী ও মানবিক সংগঠন বন্যাদুর্গত মানুষের পাশে দাঁড়িয়েছে।

LENS ASIA

বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, গত বছরের বন্যার সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব ও বিভাগ সম্মিলিতভাবে ত্রাণ সহায়তা কার্যক্রম পরিচালনা করেছিল। সেই অভিজ্ঞতার ধারাবাহিকতায় এবারও গকসুর সার্বিক সহযোগিতায় মানবিক তহবিল গঠন করে বন্যাকবলিত মানুষের পাশে দাঁড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে।



Gono Bishwabidyalay Central Students' Union (GUCSU)
Gono Bishwabidyalay
Savar, Dhaka- 1344, Bangladesh

গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু)
গণ বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা- ১৩৪৪, বাংলাদেশ

স্মারক নং: ১২০৭২০২৬-মসআ-০০১ তারিখ: ১২ই জুলাই, ২০২৬ ইং

**মানবিক সহায়তার আহ্বান**

আমরা সকলেই অবগত আছি যে, দেশের বর্তমান বৈরী আবহাওয়ার কারণে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বন্যা ও পাহাড়ধসের মতো দুর্যোগ দেখা দিয়েছে। ইতোমধ্যে কয়েকটি জেলা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।অসংখ্য পরিবার খাদ্য, বিশুদ্ধ পানি, আশ্রয় ও প্রয়োজনীয় চিকিৎসাসহ নানা সংকটে মানবেতর জীবনযাপন করছে।
এমন দুর্যোগপূর্ণ সময়ে দেশের বিভিন্ন সামাজিক, স্বেচ্ছাসেবী ও মানবিক সংগঠন ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়েছে। গত বছরের বন্যায়ও গণ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব ও বিভাগ সম্মিলিতভাবে ত্রাণ সহায়তা কার্যক্রম পরিচালনা করেছিল।

সেই ধারাবাহিকতায়, গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু)-এর সার্বিক সহযোগিতায় আমরা একটি মানবিক তহবিল (Fundraising) গঠনের উদ্যোগ গ্রহণ করতে চাই, যাতে শিক্ষার্থী, শিক্ষক, ক্লাব সমূহ,কর্মকর্তা-কর্মচারী, ক্লাব সমূহ এবং শুভানুধ্যায়ীদের স্বেচ্ছা অনুদানের মাধ্যমে দুর্গত মানুষের কাছে খাদ্যসামগ্রী ও অন্যান্য জরুরি সহায়তা পৌঁছে দেওয়া যায়।

এই মহৎ উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা, গঠনমূলক পরামর্শ এবং স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ কামনা করছি।আসুন, আমরা সবাই নিজ নিজ সামর্থ্য অনুযায়ী এগিয়ে এসে অসহায় মানুষের পাশে দাঁড়াই।
মানুষ মানুষের জন্য। দুর্যোগে মানবতার হাতই হোক সবচেয়ে বড় আশ্রয়।

আহ্বানে:
গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ।

মো. রায়হান খান
সাধারণ সম্পাদক (জিএস)
গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ

ইয়াসিন আল মৃদুল দেওয়ান
সহ-সভাপতি (ভিপি)
গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ

+8801307450609 gucsu@gonouniversity.edu.bd

এ বিষয়ে গকসুর ভিপি ইয়াসিন আল মৃদুল দেওয়ান বলেন, “সাম্প্রতিক বৈরী আবহাওয়ার কারণে বন্যা ও পাহাড়ধসের মতো দুর্যোগে সাধারণ মানুষ খাদ্য ও অর্থসংকটে পড়েছে। বন্যার্তদের পাশে দাঁড়ানোর জন্য শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন সংগঠনের সহযোগিতায় গকসুর উদ্যোগে মানবিক তহবিল গঠন করা হচ্ছে। এ তহবিলের মাধ্যমে প্রয়োজনীয় শুকনো খাবার, নিরাপদ পানি ও প্রাথমিক ওষুধসামগ্রী ক্ষতিগ্রস্ত মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে।”

গকসুর সহ-সাধারণ সম্পাদক (এজিএস) সামিউল হাসান শোভন বলেন, “অনুদান সংগ্রহ শেষে এই সপ্তাহের মধ্যেই বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধি দলের মাধ্যমে বন্যাকবলিত এলাকায় প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দেওয়া হবে। পাশাপাশি বন্যা ও দুর্যোগে ক্ষতিগ্রস্ত বিশ্ববিদ্যালয়ের যেসব শিক্ষার্থী সংকোচের কারণে সাহায্য চাইতে পারছেন না, প্রতিনিধি দল গোপনীয়তা বজায় রেখে তাদের সঙ্গে সরাসরি যোগাযোগ করবে এবং সামর্থ্য অনুযায়ী আর্থিক ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।”

LENS ASIA